

## অসাধারণ একটি খুতবা

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ

### **অসাধারণ একটি খুতবা।**

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য প্রতিকূলতা/বিপদ থেকে তিনি ছাড়া আর কেউ মুক্তি দিতে পারে না। তিনি ছাড়া কেউ ষড়যন্ত্র দমন করতে পারে না। দুই জাহানেই আগ্রহীদের আগ্রহের কেন্দ্রবিন্দু তিনি ছাড়া আর কেউ না।

উভয় জগতেই আগমণকারীদের উদ্দেশ্য তিনি ছাড়া আর কেউ না। বান্দারা সবাই ফকির, তিনি ছাড়া ধনী আর কেউ নেই। সব মানুষ দুর্বল তিনি ছাড়া কেউ সবল নাই। রক্ষক ও সাহায্যকারী তিনি ছাড়া আর কেউ নাই। তিন পাপ ক্ষমাকারী, তওবা কবুলকারী, কঠোর শাস্তিদাতা ও সামর্থ্যবান। তিনি ব্যতীত কোন উপাস্য নেই। আল্লাহ ছাড়া এমন কোন স্রষ্টা আছে কি? যে তোমাদেরকে আসমান ও যমিন থেকে রিজিক দান করে ? তিনি ব্যতীত কোন উপাস্য নেই। গোপন ও প্রকাশ্য সবই তিনি জানেন, তিনি ছাড়া কোন মা'বুদ নাই। মূসা(আঃ) তুর পাহাড়ে থাকা অবস্থায় আল্লাহ যখন তাঁকে ডাকলেন, তিনি বললেন আল্লাহ ছাড়া কোন মা'বুদ নাই।

ইবরাহীম(আঃ) জ্বলন্ত আগুনে থাকা অবস্থায় আল্লাহ তাকে ডাকলে তিনি বলেন আল্লাহ ছাড়া কোন মা'বুদ নাই।

আইয়ুব(আঃ) কঠিন রোগাক্রান্ত অবস্থায় আল্লাহ তাকে ডাকলে তিনি বলেন আল্লাহ ছাড়া কোন মা'বুদ নাই।

ইউসুফ(আঃ) কুয়ার গভীরে থাকতে আল্লাহ যখন তাকে ডাকলেন, তিনি বললেন আল্লাহ ছাড়া কোন মা'বুদ নাই।

আমি সাক্ষ্য দিচ্ছি তিনি ছাড়া কোন মা'বুদ নাই। তিনি চিরঞ্জীব তিনি ছাড়া কোন মা'বুদ নাই। আরও সাক্ষ্য দিচ্ছি, মুহাম্মদ(সাঃ)

আল্লাহর বান্দা ও তাঁর রাসুল। মহান আল্লাহ তাঁর প্রতি ও তাঁর সন্তানদের প্রতি রহমত বর্ষণ করুন, বরকত দান করুন এবং তাঁকে অনেক অনেক শান্তি দান করুন।

সৃষ্টীমন্ডলী বিশেষভাবে উল্লেখ্য যে,

এই পৃথিবীটা গোলাকার বা পৃথিবীর অবস্থা পরিবর্তনশীল, পৃথিবীর স্বাদগুলো ধ্বংসশীল এখানে যে নেক আমল করা হয় তা স্থায়ী। এই জগতের অর্জনগুলো হারিয়ে যায়, যার শেষ হয় মৃত্যু দিয়ে।

ভাইয়েরা আমার,

(আমরা) দৈহিকভাবে দুর্বল,

সম্বল কম,(জাহান্নামের) সমুদ্র অতল, আগুন দাহক।

মিজান সূক্ষ্মতম পরিমাপক, পুলসিরাত হল বাঁকা, কিয়ামত কাছাকাছি। আর ফয়সালাকারী হলেন মহান প্রভু। সেদিন আল্লাহর বন্ধু আদম বলবেন, আমার কি হবে আমার কি হবে!

আল্লাহর দয়ায় মহা প্রলয় থেকে মুক্তিপ্রাপ্ত নূহ বলবেন, আমার কি হবে আমার কি হবে!

আল্লাহর প্রিয় বন্ধু ইব্রাহীম বলবেন আমার কি হবে আমার কি হবে!

আল্লাহর সাথে সরাসরি কথোপোকথন কারী মূসা বলবেন, আমার কি হবে আমার কি হবে!

আল্লাহর পক্ষ থেকে সত্যবাদী উপাধিপ্রাপ্ত ইউসুফ বলবেন, আমার কি হবে আমার কি হবে!

পৃথিবীতে আল্লাহর রাজত্ব প্রতিষ্ঠাকারী দাউদ বলবেন, আমার কি হবে আমার কি হবে!

আল্লাহর দেয়া আত্মা ঈসা বলবেন, আমার কি হবে আমার কি হবে!

আর আমাদের সুপারিশকারী আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহ্ (সাঃ) বলবেন, আমার উম্মতের কি হবে! আমার উম্মতের কি হবে! আমার উম্মতের মুক্তির উপায় কি হবে!

তখন প্রতাপশালী, মহান মহিমাম্বিত সত্তা বলবেন ও আমার বান্দারা! ও আমার বান্দারা! শুনেছ! আমার বান্দাগণ! আজকে তোমাদের কোন ভয় নাই তোমরা চিন্তিত হবে না। আল্লাহ

আমাকে আপনাদেরকে মহান কোরআনের মাধ্যমে বরকত দান করুক। আমাকে ও আপনাদেরকে কোরআনের আয়াত ও প্রজ্ঞা পূর্ণ আলোচনার মাধ্যমে উপকৃত করুন।

## দ্বিতীয় খুতবা

সমস্ত প্রশংসা একমাত্র আল্লাহর জন্য। দরুদ ও সালাম সেই নবীর প্রতি যার পরে কোন নবী নাই। আমি বিতারিত শয়তান থেকে আল্লাহর কাছে আশ্রয় চাই। সেদিনকে ভয় করো, যেদিন তোমাদেরকে আল্লাহর কাছে ফিরিয়ে নেয়া হবে। তারপর প্রত্যেকটা মানুষ ও সত্ত্বা যা অর্জন করেছে তা পুরোপুরি মিটিয়ে দেয়া হবে, তাদের প্রতি অবিচার করা হবে না। নবী(সাঃ) বলেন আমার উম্মতের জন্য তাদের প্রতি সবচেয়ে দয়ালু মানুষ হলেন আবু বকর। আমার উম্মতের মধ্যে আল্লাহর হুকুমের ব্যপারে কঠিনতম হলেন উমার। তাদের মধ্যে উসমান হলেন সবচেয়ে লজ্জাশীল। আলী সবচেয়ে সঠিক ফয়সালাকারী রাজিঃ ফাতেমা রাজিঃ হলেন জান্নাতি নারীদের সর্দার। হামযা রাজিঃ আল্লাহ ও তার রাসুলের পক্ষে সিংহের মত। হাসান ও হুসাইন রাজিঃ জান্নাতের যুবকদের সর্দার। আল্লাহ, আপনি আব্বাস ও তার সন্তানের প্রকাশ্য ও গোপন কোন পাপ মোচন না করে ছাড়বেন না। আল্লাহকে ভয় করো। আমার পরে স্বেচ্ছাচারী হয়ে আমার সাহাবীদেরকে মন্দ বলতে আল্লাহকে ভয় করো।

যে তাদেরকে ভালোবাসে, আমাকে ভালোবাসার কারণেই তা করে, যে তাদের প্রতি বিদ্বেষী হয়, সে আমার প্রতি বিদ্বেষের কারণেই এমন করে।

আমার উন্মত্তের মধ্যে সর্বোত্তম হলো আমার যুগে যারা আছে তার পরের স্তরে যারা প্রথম পর্যায়ের মানুষদের যুগের, তারপরে তাদের যুগের মানুষরা শ্রেষ্ঠ।

মুসলিম রাজা পৃথিবীতে আল্লাহর ছায়া (এর মতো)।

যে পৃথিবীতে আল্লাহর রাজত্ব প্রতিষ্ঠাকারীকে অপমান করলো সে যেন আল্লাহকে অপমান করলো।

আল্লাহ ন্যায়পরায়ণতা, সদাচরণ এবং আত্মীয় স্বজনকে দান করার আদেশ দেন আর তিনি অশ্লীলতা, আসঙ্গত কাজের অবাধ্যতা করতে বারণ করেন। তিনি তোমাদের উপদেশ দেন যাতে তোমরা স্মরণ রাখ।

.....